

এক নজরে

০১

যুব সমাজ যে কোন দেশের মূল্যবান সম্পদ। জাতীয় উন্নয়ন ও অগ্রগতি যুব সমাজের সক্রিয় অংশগ্রহণের উপর অনেকাংশেই নির্ভরশীল। কারণ তাদের মেধা, সৃজনশীলতা, সাহস ও প্রতিভাকে কেন্দ্র করেই গড়ে উঠে একটি জাতীর অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক পরিমন্ডল। সুতরাং অসংগঠিত, কর্মপ্রত্যাশি যুব গোষ্ঠিকে সুসংগঠিত, সুশৃঙ্খল এবং উৎপাদনমুখী শক্তিতে রূপান্তরের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ ও ঋণদান কমসুচারি মাধ্যমে এলাকার ১৮-৩৫ বছর বয়সী যুবদের আত্মকর্ম সংস্থানে নিয়োজিতকরণের দ্বারা আত্মকর্মা হিসেবে গড়ে তোলা যুব উন্নয়ন কার্যালয়ের প্রধান লক্ষ্য।